গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)-এর ২৬ তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জাকিয়া সুলতানা<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৯ মে, ২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এনপিও মহাপরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব মুহম্মদ মেসবাহল আলম সভায় কার্যপত্র উপস্থাপন করেন । অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ | গত ১৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৫তম সভার কার্য-বিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | বিগত ২৫ তম সভার কার্য-বিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ০২ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | মহাপরিচালক, এনপিও সভাকে বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে অনুমোদনের জন্য গত ১৮ জুলাই, ২০২১ এবং ৩ মার্চ, ২০২২ তারিখে দুইবার জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এনপিওকে অধিদপ্তরের রূপান্তরের বিষয়ে অসম্মতি জ্ঞাপন করা হয়েছে।<br><br>সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনপিওকে অধিদপ্তরের রূপান্তরের প্রস্তাবে দুইবার অসম্মতি জানানো হয়েছে বিধায় পুনরায় প্রস্তাব পাঠানো ঠিক হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনপিও দপ্তরে যেহেতু ডিজি পদায়ন হয়েছেন, সেহেতু এই দপ্তরকে অধিদপ্তরের রূপান্তর করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে বলে সভাপতি সভাকে অবহিত করেন। | এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে শিল্প সচিব এবং মহাপরিচালক এনপিও জনপ্রশাসন সচিব মহোদয়ের সাথে আলোচনা করবেন। | মহাপরিচালক এনপিও |
| ০৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | সভায় গত ২৫ এপ্রিল, ২০২২ তারিখে ভবন নির্মাণ সংক্রান্ত মামলাটির আংশিক শুনানি হয়েছে মর্মে ডিজি এনপিও জানান। পরবর্তী শুনানির জন্য আগামী ৩১ মে, ২০২২ তারিখ নির্ধারণ করা হয়েছে। তিনি আরো জানান, বস্তি থেকে যাদেরকে উচ্ছেদ করা হয়েছে তারা মানবাধিকার কমিশনের নিকট অভিযোগ জানিয়েছেন। অ্যাটর্নি জেনারেল বস্তিবাসীদের কোথাও আবাসনের ব্যবস্থা হয়েছে কি না জানতে চেয়েছেন। এ ব্যাপারে এনপিও কর্তৃক নিয়োগকৃত আইন কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করেছেন মর্মে ডিজি সভাকে অবহিত করেন। সভাপতি উচ্ছেদকৃতদের আবাসনের বিষয়ে ডিজি এনপিও'র কাছে আপডেট জানতে চান। মহাপরিচালক, এনপিও বলেন, মিরপুরে বস্তিবাসীদের আবাসন স্থানান্তরের বিষয়টি গৃহায়ন | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে ৩১ মে ২০২২-এর আগে সাক্ষাত করে তাঁকে মামলা সংক্রান্ত অগ্রগতি অবহিত করতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বর্ণিত মামলাটির পরবর্তী শুনানি আগামী ৩১ মে, ২০২২ তারিখ এর আগে অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে সাক্ষাত করার জন্য মহাপরিচালক, এনপিও কে পরামর্শ প্রদান করেন । | | |
| ০৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | মহাপরিচালক এনপিও জানান, "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির কার্যক্রম কোভিড-১৯ এর কারণে পিছিয়ে ছিলো। তিনি আরো বলেন, অবশিষ্ট সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে ২৪টি সেমিনারের মধ্যে ১৭টি, ২৫টি কর্মশালার মধ্যে ২৩টি, এবং ১৫টি প্রশিক্ষণের মধ্যে ১৫টি ই বাস্তবায়ন করা সম্ভব হয়েছে মর্মে ডিজি এনপিও সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি মহাপরিচালক এনপিওকে ২০২১-২২ অর্থবছরে এপিএ-এর টার্গেট অনুযায়ী সভা, সেমিনার ও প্রশিক্ষণের যে কর্মসূচী রয়েছে তা যথাসময়ে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | (ক) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক, এনপিও<br>(গ) পিডি, এনপিও |
| ০৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | ডিজি এনপিও বলেন, জাপানস্থ আন্ত: দেশীয় সংস্থা এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) উৎপাদনশীলতা উন্নয়নে বিভিন্ন ধরনের কর্মকান্ড পরিচালনা করে থাকে। এপিও কর্তৃক পরিচালিত কর্মকান্ডের মধ্যে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) একটি অন্যতম কর্মকান্ড। এপিও টিইএস কর্মসূচির আওতায় এর সদস্যভুক্ত দেশসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রতিষ্ঠানসমূহকে তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং ব্যবহারিক দক্ষতা বৃদ্ধির জন্য টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদান করে থাকে। তিনি বলেন, ২০২১ সালে এনপিও ২টি TES গ্রহণ করেছে, এবং প্রাণ আরএফএল গ্রুপ ২টি ট্রেনিং নিয়েছে।<br><br>সভাপতি বলেন, এবছর বাংলাদেশ এপিও চেয়ারের পদটি অলংকৃত করেছেন বিধায় সুযোগটি ইতিবাচকভাবে কাজে লাগাতে হবে। সভাপতি প্রত্যেক দপ্তর সংস্থাকে বর্ণিত সেবা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>ডিজি এনপিও সভাকে অবহিত করেন যে, টিইএস আবেদন ফরম এনপিও'র ওয়েবসাইট www.npo.gov.bd এবং এপিও'র ওয়েবসাইট www.apo-tokyo.org হতে Download করে অথবা অফিস চলাকালীন সময়ে সরাসরি যোগাযোগ করে সংগ্রহ করা যেতে পারে। | এপিও হতে আগামী ২০২২ সালের জন্য TES সেবা হাইব্রিড অথবা সরাসরি প্লাটফর্মে আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ০৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | এনপিও মহাপরিচালক সভাকে জানান, এনপিও বিভিন্ন ট্রেডবডির সাথে ০৮টি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। তিনি বর্ণিত বিষয়ে ০৫ জন কর্মকর্তাকে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের কার্যাবলীসমূহ ফলোআপ করার জন্য দায়িত্ব প্রদান করেছেন। তিনি বলেন, Bangladesh Employers Federation (BEF)-এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯ এপ্রিল ২০২২ তারিখে Seminar on Productivity for Better Future শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও শীঘ্রই বাংলাদেশ চেম্বার অব কমার্স (বিসিআই) এর সাথে একটি সেমিনার অনুষ্ঠিত হবে। তিনি সভাকে আরো অভিহিত করেন নতুন নতুন বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ | (ক) এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে মত বিনিময় করাসহ কার্যক্রমসমূহের ফলোআপ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) এনপিও কর্তৃক স্বাক্ষরিত ৮টি সমঝোতা স্মারকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এনপিও'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা পরবর্তী সভায় | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে।<br>মহাপরিচালক এনপিও'র এযাবৎ স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারকের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>সভাপতি স্বাক্ষরিত ৮টি সমঝোতা স্মারকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এনপিও'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকাসহ পরবর্তী সভায় উপস্থাপন করার উপর মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি এনপিও কর্তৃক বিভিন্ন ট্রেডবডির সাথে অনুষ্ঠিত সেমিনারের সুপারিশসমূহ বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করাসহ ফলোআপ নিশ্চিত করার জন্য এনপিও'র মহাপরিচালককে পরামর্শ প্রদান করেন। | উপস্থাপন করতে হবে। | |
| ০৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | মহাপরিচালক, এনপিও সভাকে জানান, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাঠ্যপুস্তকে উৎপাদনশীলতা বিষয়কে সৃজনশীলতা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ৬২টি বিদ্যালয়ে পাইলট আকারে পড়ানো হচ্ছে। এনসিটিবি থেকে এনপিও অফিসকে এ সংক্রান্ত ২টি বই দেয়া হয়েছে।<br>জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর সভাপতি বলেন, উৎপাদনশীলতা বিষয়কে সাধারণ শিক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্তির পাশাপাশি কারিগরি শিক্ষা কার্যক্রমেও অন্তর্ভুক্তির বিষয়টি অত্যন্ত সময়োপযোগী।<br>সভাপতি এনপিও কর্তৃক প্রস্তুতকৃত উৎপাদনশীলতা বিষয়ক Content টি ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাশাপাশি অষ্টম থেকে দশম শ্রেণি পর্যন্ত অন্তর্ভুক্ত করা যায় কিনা এ ব্যাপারে সচিব, কারিগরি শিক্ষা বোর্ড ও সচিব, মাধ্যমিক শিক্ষা বোর্ডের সাথে আলোচনা করার জন্য ডিজি এনপিওকে পরামর্শ প্রদান করেন। | (ক) উৎপাদনশীলতা বিষয়ক Content টি পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) উৎপাদনশীলতা বিষয়টি ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাঠ্যপুস্তকের পাশাপাশি অষ্টম থেকে দশম শ্রেণির পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তির জন্য সচিব, কারিগরি শিক্ষা বোর্ড ও সচিব, মাধ্যমিক শিক্ষা বোর্ডের সাথে আলোচনা করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | সভায় এপিও'র সহায়তায় National Productivity Master Plan 2021-2030 বাস্তবায়নে প্রস্তুতকৃত Action Plan যথাযথভাবে যাচাই-বাছাই করার জন্য ৫টি থিমেটিক গ্রুপকে নিয়ে পুনরায় কর্মশালা করা হয়েছে এবং কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে মহাপরিচালক, এনপিও জানান। তিনি আরোও জানান যে, মন্ত্রী মহোদয়ের সদয় সম্মতি নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করা হবে।<br>সভাপতি National Productivity Master Plan 2021-2030 এর উপর প্রস্তুতকৃত Action Plan অনুযায়ী গৃহীত কার্যক্রমসহ একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের সময় নির্ধারণের প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন। | National Productivity Master Plan এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের তালিকা বিজি প্রেস হতে গেজেট আকারে প্রকাশিত হয়েছে মর্মে মহাপরিচালক, এনপিও জানান। তিনি আরও জানান, আগামি ২৯/০৫/২০২২ তারিখ পুরস্কার প্রদানের দিন ধার্য হয়েছে।<br>সভাপতি অ্যাওয়ার্ড অনুষ্ঠানটি যথাযথভাবে সম্পন্ন করার জন্য ইভেন্টভিত্তিক কমিটি গঠণসহ প্রি-মিটিং এবং পোস্ট-মিটিং করার লক্ষ্যে মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন। | ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ এর সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠান যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইভেন্টভিত্তিক কমিটি গঠনসহ প্রি মিটিং এবং পোস্ট মিটিং করতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | মহাপরিচালক ,এনপিও সভাকে বলেন ,এনপিও বার্তার ৯ম সংখ্যা প্রকাশ ও বিতরণ করা হয়েছে এবং ১০ম সংখ্যা বিজি প্রেস হতে মুদ্রণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি উৎপাদনশীলতা বার্তায় সঠিক তথ্য যেন সন্নিবেশিত হয় সে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেয়ার জন্য মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বার্তায় সঠিক তথ্য সন্নিবেশিত হওয়ার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | সভায় এনপিও কর্তৃক কোভিড-১৯ পরবর্তী শিল্প সেক্টরের ক্ষতি এবং সৃষ্ট সুযোগ অনুসন্ধানের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য মন্ত্রণালয় হতে গত ১০ মে ২০২২ তারিখে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে মর্মে মহাপরিচালক এনপিও জানান।<br>সভাপতি শিল্প সেক্টরকে অনেক বৃহৎ একটি ক্ষেত্র উল্লেখ করেন। তিনি এনপিও কর্তৃক গবেষণার কার্যক্রম নির্ধারিত সময় এবং বাজেটের মধ্যে পরিচালনা করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও, প্রয়োজনে বর্ণিত গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সময় ও বাজেটের প্রয়োজন হলেও সঠিক ফলাফল তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন।<br>মহাপরিচালক এনপিও সভাকে আরো জানান যে, কোভিড-১৯ পরবর্তী শিল্প সেক্টরের ক্ষতি এবং সৃষ্ট সুযোগ অনুসন্ধানের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য বিবিএস কে দ্বায়িত্ব দেয়া হয়েছে।<br>সভাপতি এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি গবেষণা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে মহাপরিচালক, এনপিওকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১২ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়ন | সভায় বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন রাজশাহী, নাটোর এবং নর্থ বেঙ্গল সুগারমিলে MFCA বাস্তবায়ন করা হয়েছে মর্মে মহাপরিচালক এনপিও জানান।<br>সভাপতি বলেন, Material Flow Cost Accounting (MFCA) এর কার্যক্রম ধাপে ধাপে প্রত্যেক দপ্তর সংস্থার বাস্তবায়নের সুযোগ রয়েছে। তিনি MFCA এর কার্যক্রম বাস্তবায়নের জন্য দপ্তর-সংস্থা, কর্পোরেশনের প্রধানগণকে বর্ণিত কর্মসূচি গ্রহণের মতামত ব্যক্ত করেন।<br>BSCE এর চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, Material Flow Cost Accounting (MFCA) এর উপর তাঁর আওতাধীন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ চলমান রয়েছে। চেয়ারম্যান, BCIC এর তাঁর আওতাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করেন। ডিজি এনপিও সভাকে অবহিত করেন যে, BCIC হতে প্রতিষ্ঠানের তালিকা পাওয়া সাপেক্ষে MFCA বাস্তবায়নের জন্য APO বরাবর পত্র প্রেরণ করা হবে। | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নির্বাচিত প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA) এর কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | (ক) মহাপরিচালক এনপিও<br>(খ) চেয়ারম্যান বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ১৩ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | সভায় মহাপরিচালক এনপিও জানান, এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য এনপিও হতে নিয়োগকৃত একজন কর্মকর্তা বিবিএস এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখছেন। তিনি আরও জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য Labour Force Survey এর পাশাপাশি বিবিএস-এর | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Labour Force Survey নামক পরবর্তী প্রকাশনা প্রকাশ না হওয়া পর্যন্ত উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের তথ্যগুলো পাওয়া যাবে না বিধায় পরবর্তী প্রকাশনার জন্য অপেক্ষা করা হচ্ছে।<br>সভাপতি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Labour Force Survey প্রকাশ করা নিয়মিত কাজের একটি অংশ। তিনি বিবিএস-এর বার্ষিক প্রতিবেদন থেকে পর্যাপ্ত তথ্য পাওয়া সাপেক্ষে কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য উপর গুরুত্বোরোপ করেন।<br>সভাপতি Labour Force Survey এর পাশাপাশি বিবিএস এর অন্যান্য বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করার জন্য ডিজি এনপিওকে নির্দেশ প্রদান করেন। | বার্ষিক বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্য চিত্র প্রচার | সভায় জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২২ উপলক্ষ্যে বিটিভিতে প্রামাণ্য অনুষ্ঠান সম্প্রচার করা এবং উৎপাদনশীলতা বিষয়ক নিয়মিত অনুষ্ঠান সম্প্রচারের ব্যাপারে মহাপরিচালক বিটিভি-এর কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে মর্মে মহাপরিচালক এনপিও জানান।<br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত একটি টিভিসি (৩০ সেকেন্ডের উর্ধ্বে নয়) তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণের ব্যাপারে মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন।<br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব জনেন্দ্র নাথ সরকার বলেন, বিটিভিসহ বেসরকারি টেলিভিশনে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। ডিজি এনপিও বলেন, সকল জেলা প্রশাসকের মাসিক সমন্বয় সভায় উৎপাদনশীলতা বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য কেবিনেট ডিভিশনে পত্র প্রেরণ করা হয়েছে।<br>এমসিসিআই-এর প্রতিনিধি জনাব মোসলেম উদ্দিন বলেন, শিল্প মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার মধ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির কলাকৌশলের চর্চা করা হলে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ অনুপ্রাণিত হবে।<br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা বিষয়টি নিয়ে দেশব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে টিভিসি প্রস্তুতপূর্বক যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য এনপিও'র ডিজিকে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য টিভিসি তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৫ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সংশোধন | ডিজি এনপিও বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে এবং এ বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড এর আবেদন সংখ্যা বৃদ্ধির জন্য এনপিও নিরলসভাবে কাজ করে যাচ্ছে।<br>সভাপতি, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এর সংশোধনের কার্যক্রম | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০- সংশোধনের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দ্রুততম সময়ের মধ্যে শেষ করার জন্য ডিজি এনপিওকে নির্দেশ প্রদান করেন। | | |
| ১৬ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | ডিজি এনপিও বলেন, উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি আরো বলেন, বর্ণিত ট্রেইনার পুল গঠনের কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে।<br><br>সভাপতি বলেন, নীতিমালা গঠন করা একটি সময় সাপেক্ষ ব্যাপার। পৃথিবীর বিভিন্ন দেশে Non Residential Bangladeshi কিছু ভালো এক্সপার্ট রয়েছেন। তাঁদেরকে অন্তর্ভুক্ত করে এপিও'র মাধ্যমে ট্রেইনার পুল গঠন করা যেতে পারে।<br><br>সভাপতি এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুলের অন্তর্ভুক্ত রির্সোস পারসনগণ যাতে ভার্চুয়াল ট্রেনিং প্রদান করতে পারে সে ব্যাপারেও গুরুত্বারোপ করেন। | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | সভায় উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে এবং শিল্প মন্ত্রণালয়ের আইন শাখার উপসচিব- বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে মহাপরিচালক, এনপিও জানান।<br><br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া অধিকতর যাচাইবাছাই করে বাস্তবায়নযোগ্য- আইন করার উপর পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন প্রস্তুতের কার্যক্রম সম্পাদনের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26/05/2022

(জাকিয়া সুলতানা)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)